

**ইউজিসির জ্যেষ্ঠ  
কর্মকর্তাদের মধ্যে  
ট্যাব বিতরণ**

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় সঙ্গুরি কমিশনের উপসচিব, যুগ্ম সচিব ও সমপর্যায়ের কর্মকর্তাদের মধ্যে গত বৃহস্পতিবার মিডিয়াপ্যাড (ট্যাব) বিতরণ করা হয়। ইউজিসি অডিটরিয়ামে এ অনুষ্ঠানে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মকর্তাদের মধ্যে ট্যাব বিতরণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইউজিসি সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ মোহাম্মদ খান, অধ্যাপক ড. মো. আখতার হোসেন এবং অধ্যাপক ড. মোহাম্মদ ইউসুফ আলী মোদ্দা। ইউজিসি চেয়ারম্যান প্রতিষ্ঠানের কাজের গতিশীলতা বাড়াতে ট্যাবের যথাযথ ব্যবহারের ওপর গুরুত্বারোপ করেন। কমিশনের সিনিয়র ২২ জন কর্মকর্তা ইউজিসি চেয়ারম্যানের কাছ থেকে ট্যাব গ্রহণ করেন। সংবাদ বিজ্ঞপ্তি।